

12 APR 1987
 তারিখ
 পৃষ্ঠা ... ৫ ... কলাম 3 ...



প্রাইমারী স্কুল

শিক্ষকদের

বেতন স্কেল

আমরা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কতিপয় দরিদ্র শিক্ষক। ১৯৭৩ ইং সনের ১লা জুলাই প্রশিক্ষণবিহীন শিক্ষক হিসাবে আমরা নিয়োগপ্রাপ্ত হই। প্রশিক্ষণবিহীন শিক্ষকদের পর্যায়ক্রমে ডেপুটেশনে প্রশিক্ষণ দেয়া বিভাগীয় দায়িত্ব। কিন্তু পিটিআই সময়ে ডিপুটেড প্রশিক্ষণার্থীদের আসন সংখ্যা সংরক্ষিত থাকা কৃতপক্ষ আমদের কিছু শিক্ষককে ১৯৭৭ ইং সনের পূর্বে প্রশিক্ষণে নিয়োজিত করতে ব্যর্থ হয়। অর্থাৎ ১-৭-৭৭ ইং তারিখে প্রদত্ত জাতীয় বেতন স্কেলে বেতন নির্ধারণকালে এমনি কৈ পরবর্তীতে পিটিআই পাশের একটি নির্দিষ্ট সময় সীমা পর্যন্ত নিদেশ না করে আমাদের ২৫০/- ৩৬২/- টাকার স্কেলের অন্তর্ভুক্ত করে রাখ হয়। অন্যদিকে একই দিনে নিয়োগ প্রাপ্ত সমযোগ্যতা সম্পন্ন কিংবা কম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন যেসব শিক্ষককে ১-৭-৭৭ ইং তারিখের পূর্বে প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয় তাদের ৩০০/- ৫৪০/- টাকার স্কেলের অন্তর্ভুক্ত করা হয়। ফলে তাদের এবং আমাদের বেতনের মধ্যে বিরট বৈষম্যের সৃষ্টি হয়েছে।

এ অবস্থায় সংশ্লিষ্ট উর্ধ্বতন কতপক্ষের কাছে আমাদের আকল্প আবেদন ১৯৮৩ ইং সনের পূর্বে ফরা সি-ইন-এড কোর্স সমাপ্ত করেছেন ১-৭-৭৭ ইং তারিখ থেকে তাদের জাতীয় বেতন স্কেল ৩০০/- ৫৪০/- টাকার অন্তর্ভুক্ত করে বেতন পুনর্নির্ধারণের আদেশ দিয়ে হতাশ ও আর্থিক ক্ষতি হতে তাদের রক্ষা করা হোক।

নারায়ণ চন্দ্রনাথ, প্রধান শিক্ষক
 চেওরীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়
 ফেনী।